জামায়াতের সঙ্গে জোটে থাকলে এনসিপি নেতৃত্ব হারাবে: রাশেদ খাঁন



রাশেদ খান। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টিকে (এনসিপি) রাজনৈতিকভাবে টিকে থাকতে হলে জামায়াতে ইসলামীর সঙ্গে জোট থেকে বেরিয়ে আসতে হবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খাঁন। তিনি বলেন, জামায়াত ও এনসিপির আদর্শের মধ্যে মৌলিক পার্থক্য রয়েছে। এ দুই দলের সম্পর্ক তেল ও জলের মতো, যা কখনো একসঙ্গে মেশে না।

শুক্রবার (৬ নভেম্বর) দুপুরে ঝিনাইদহ শহরের পাগলাকানাই মোড়ে স্থানীয়দের সঙ্গে কুশলবিনিময় করেন রাশেদ খাঁন। পরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

এনসিপি ও জামায়াতের রাজনৈতিক সমঝোতা দীর্ঘস্থায়ী হবে না বলে মনে করেন রাশেদ খাঁন। তিনি বলেন, নির্বাচনের আগে নতুন দল হিসেবে সংসদীয় রাজনীতিতে অংশ নেওয়ার লক্ষ্যেই জামায়াতের সঙ্গে জোটে গিয়েছিল এনসিপি। তবে এ সিদ্ধান্ত মেনে নিতে পারেননি দলটির একাংশের তরুণ নেতা। এর জেরে ডা. তাসনিম জারার মতো নেতারা এনসিপি ছেড়েছেন।

সম্প্রতি সামান্তা শারমিনের দলত্যাগের প্রসঙ্গ টেনে রাশেদ খাঁন বলেন, এনসিপি জামায়াতের জোটে থাকলে সামান্তা শারমিনের মতো আরও গুরুত্বপূর্ণ নেতারা দল ছাড়তে পারেন। এভাবে নেতৃত্ব হারাতে থাকলে দলটির অস্তিত্ব সংকটে পড়বে বলেও মন্তব্য করেন তিনি।